বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১/২৫০

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ(শানিব্যউবি)পরিপত্র নং-২০/ ২০১৬ তারিখঃ ০৬-১২-২০১৬ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২ । মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক,কর্পোরেট শাখা সমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে )
বাংলাদেশ কৃষি ব্যাংক ।

বিষয়ঃ " বিকেবি মাসিক প্রফিট স্কীম" এবং" বিকেবি,মাসিক সঞ্চয় স্কীম (বিকেবি,এম এস এস )" এর সুদের হার পুণঃনির্ধারন প্রসংগে ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে শাখা নিয়ন্এন ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে জারীকৃত ডিএমডি-১(শানিব্যউবি)পরিপত্র নং-১৪/২০১৪ তারিখ ১৯-১০-২০১৪ এবং পরিপত্র নং ০৭/২০১৪ তারিখ ২৬-০৬-২০১৪এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা হলো ।

০২। ব্যাংকের ব্যয় খাতের মধ্যে আমানতের সুদ ব্যয় সবচেয়ে বেশী। তাই আমানতের সুদ ব্যয় কমানোর লক্ষ্যে ও ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীত করার নিমিত্ত অধিক সুদবাহী আমানত ছেড়ে দিয়ে অপেক্ষাকৃত কম সুদবাহী বা সুদবিহীন আমানত সংগ্রহ করা অপরিহার্য। এ অবস্থায় প্রতিযোগিতামুলক বাজারের সাথে সামঞ্জস্য রেখে অধিক সুদবাহী সঞ্চয় স্কীম যথা "বিকেবি মাসিক প্রফিট স্কীম " ও " বিকেবি মাসিক সঞ্চয় স্কীম ( বিকেবি এমএসএস)" এর সুদের হার পুণঃ নির্ধারনপুর্বক উহা চালু রাখার বিষয়ে বিগত ২৩-১১-২০১৬ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৬৭৪ তম সভায় নিম্নোক্ত হারে সংশ্লিষ্ট স্কীমসমুহের সুদের হার পুণঃনির্ধারনের অনুমোদন প্রদান করা হয় ঃ

| ক্রঃ নং | সঞ্চয় স্কীমের নাম | সময়কাল | বিদ্যমান সুদের হার | পুণঃনির্ধারিত সুদ হার |
|---|---|---|---|---|
| ০১। | বিকেবি,মাসিক প্রফিট স্কীম | ৩/৫ বছর মেয়াদী | ১০.৮০% | ৭.৫০% |
| ০২। | বিকেবি,মাসিক সঞ্চয় স্কীম(এমএসএস) | ৩ বছর মেয়াদী | ১০.০০% | ৮.০০% |
| ০৩। | বিকেবি,মাসিক সঞ্চয় স্কীম(এমএসএস) | ৫ বছর মেয়াদী | ৯.৫০% | ৮.০০% |
| ০৪। | বিকেবি,মাসিক সঞ্চয় স্কীম(এমএসএস ) | ১০ বছর মেয়াদী | ৯.০০% | ৮.০০% |

০৩। উপরোক্ত ২নং অনুচ্ছেদে বর্ণিত স্কীমসমুহ অত্র পরিপত্র জারীর তারিখ থেকে পুণঃনির্ধারিত হারে পরিচালনা করার জন্য নির্দেশনা দেয়া হলো । উল্লেখ্য, উক্ত হার অত্র পরিপত্র জারীর তারিখ বা তার পরবর্তীতে স্কীম খোলার তারিখ হতে প্রযোজ্য হবে। নিম্নে স্কীমসমূহের পরিচালন-পদ্ধতি বর্ণনা করা হলোঃ

**(ক) বিকেবি মাসিক প্রফিট স্কীম হিসাব পরিচালন পদ্ধতিঃ**

| | | |
|---|---|---|
| ০১ | স্কীমের নাম | বিকেবি মাসিক প্রফিট স্কীম |
| ০২ | হিসাবের মেয়াদ কাল | ০৩/০৫(তিন/পাঁচ) বছর |
| ০৩ | এককালীন আমানতের পরিমান | টাকা ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বা এর গুনিতক |
| ০৪ | মুনাফার হার | বার্ষিক ৭.৫০% |
| ০৫ | প্রাপ্য মুনাফা | প্রতি ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার মাসিক মুনাফার পরিমান হবে ৩১২/- টাকা । প্রচলিত হারে সরকারী উৎসে কর ও আবগারী শুল্ক কর্তনযোগ্য হবে । |
| ০৬ | হিসাব খোলা ও পরিচালনা | ডিএমডি-১(শানিব্যউবি)-পরিপএ নং ৩/২০১২তারিখ ২৭-০৩-২০১২এ বর্ণিত অন্যান্য সকল শর্তাদি অত্র পরিপত্রের জন্যও পরিপালনীয় হবে । |

**(খ) বিকেবি মাসিক সঞ্চয় স্কীম (এম,এস,এস) হিসাব পরিচালন পদ্ধতিঃ**

বিভিন্ন মেয়াদের মাসিক সঞ্চয় স্কীমের হিসাবধারীরগণের নিকট থেকে ৩ বছর, ৫ বছর ও ১০ বছর মেয়াদপুর্তিতে বার্ষিক ৮.০০% চক্রবৃদ্ধি সুদ হারে সুদ প্রদানসহ প্রাপ্য সুদের উপর ব্যাংকের প্রচলিত নিয়মে সরকারী উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন করতে হবে । বিকেবি মাসিক সঞ্চয় স্কীম( বিকেবি-এমএসএস) এর আওতায় পুনঃনির্ধারিত সুদ হারে হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে গত ২৩-০১-২০১২ তারিখে জারীকৃত ডিএমডি-১(শানিব্যউবি)পরিপত্র নং০২/২০১২ এ বর্ণিত অন্যান্য সকল শর্তাদি অত্র পরিপত্রের জন্যও পরিপালনীয় হবে ।

অপর পাতায় দ্রষ্টব্য

০৪। **মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে ঃ**

গ্রাহকগন বিশেষ প্রয়োজনে যে কোন সময় লিখিত আবেদনের মাধ্যমে হিসাব বন্ধ করতে পারবেন। এ ক্ষেত্রে হিসাব বন্ধের জন্য সার্ভিস চার্জ বাবদ ২০০/-(দুই শত) টাকা আদায়যোগ্য হবে এবং নিম্নোক্ত নিয়ামাবলী পরিপালন করতে হবেঃ

(ক) হিসাব খোলার ০১(এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক শুধু আসল টাকা ফেরত পাবেন।
(খ) ৩(তিন) বা ৫(পাঁচ) বছর মেয়াদী মাসিক সঞ্চয় স্কীমের ক্ষেত্রে হিসাবের মেয়াদ ০১(এক) বছরের অধিক কিন্তু নির্ধারিত মেয়াদপূর্তির পূর্বে বন্ধ করা হলে গ্রাহকগন সঞ্চয়ী হিসাবের জন্য নির্ধারিত সুদে সরল হারে সুদসহ আসল টাকা ফেরত পাবেন।
(গ) হিসাবের মেয়াদ ০৫(পাঁচ) বছরের অধিক কিন্তু ১০(দশ) বছরের কম সময়ের মধ্যে বন্ধ করা হলে গ্রাহকগণ সঞ্চয়ী হিসাবের সুদ হার থেকে ১.০০% বেশী হারে সরল সুদসহ আসল টাকা ফেরত পাবেন।

০৫। আলোচ্য পরিপত্রের বিষয়ে যে কোন ধরণের অস্পষ্টতা পরিলক্ষিত হলে তা স্পষ্টীকরণের ক্ষেত্রে অত্র বিভাগের সাথে সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৬/১২/১৬
(এ, আর, মামুন)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১৬-২০১৭/৬৩০(১২৫০) তারিখঃ ০৬-১২-২০১৬ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহেদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ,স্টাফ কলেজ,বিকেবি,প্রধান কার্যালয়,মিরপুর,ঢাকা ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব,বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা।
তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

০৬/১২/২০১৬
(মাহবুবা খানম)
সহকারী মহাব্যবস্থাপক

F:Nasir/Bangladesh Bank/M-3